

B.A.6th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course - CC-13

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময়- তিন ঘণ্টা

পূর্ণ মান -৬০

১) যে-কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাও :

১০X২ =২০

(ক) কিংবদন্তি অনুসারে বাল্মীকি কার নির্দেশে রামায়ণ রচনা করেন? বৈদিক পরম্পরা অনুসারে রামায়ণ কী নামে আখ্যাত?

(খ) মহাভারতকে 'পঞ্চমবেদ বলা হয় কেন?

(গ) বাণভট্টের 'কাদম্বরী' কী জাতীয় রচনা? এটি গদ্যে না কি পদ্যে রচিত?

(ঘ) 'মুচ্ছকটিক' নাটকের বিষয়বস্তু কী?

(ঙ) ভাসের নাটকগুলি কে কোথা থেকে আবিষ্কার করেন ?

(চ) 'মেঘদূত' কাব্যের কয়টি বিভাগ? বিভাগগুলির নাম লেখো।

(ছ) 'গীতগোবিন্দ' কাব্যে কতগুলি সর্গ আছে? এটি কোন শ্রেণির কাব্য?

(জ) রোমান ইতিহাস অবলম্বনে শেক্সপিয়ারের লেখা দুটি নাটকের নাম ও নাটকদুটির প্রকাশকাল লেখো।

(ঝ) 'Pamphlets on Episcopacy'—কোন ঘটনার পরিপ্রেক্ষিতে মিল্টন এটি রচনা করেন? লেখাটি কবে প্রকাশিত হয়?

(ঞ) 'Murder in the Cathedral' -রচনাটির মূল বিষয় কী?

(ট) টমাস হার্ডির শ্রেষ্ঠ উপন্যাসটির নাম লেখো এবং প্রকাশকাল উল্লেখ করো।

(ঠ) চার্লস ডিকেন্সের আমেরিকা ভ্রমণের অভিজ্ঞতা তার কোন কোন গ্রন্থে স্থান পেয়েছে?

(ড) 'A thing of beauty is a joy for ever' -এটি কার কাব্যদর্শ? এই পঙ্ক্তিটি কোন কবিতায় আছে?

(ঢ) কবি শেলীর লেখা শোককাব্যটির নাম কী? কাব্যটি কার প্রতি কবির শ্রদ্ধার্থ্য?

(ণ) 'Lyrical Ballads' কাদের সম্পাদনায় প্রকাশিত হয় ? কাব্যটিতে ওয়ার্ডসওয়ার্থের কতগুলি কবিতা আছে?

২) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

৪X৫ =২০

(ক) রোমান্টিক কমেডি কাকে বলে? রোমান্টিক কমেডি রচনায় শেক্সপিয়ারের সাফল্যের কারণ অল্পকথায় লেখো।

(খ) অতিপ্রাকৃত কবিতা কাকে বলে? অতিপ্রাকৃত কবিতা রচনায় কীটসের দক্ষতার পরিমাপ করো।

(গ) কাব্যনাট্য রচনায় এলিয়টের সাফল্যের মূল্যায়ন করো।

(ঘ) কবি জয়দেবের কাব্যটির অভিনবত্ব কোথায় তা নিজের ভাষায় লেখো।

(ঙ) 'কথা' ও 'আখ্যায়িকা' শব্দদুটিকে বাণভট্ট কী অর্থে প্রয়োগ করেছেন? বাণভট্টের রচনারীতির বৈশিষ্ট্য অল্পকথায় লেখো।

(চ) রামায়ণ ও মহাভারত বৈদিকযুগের আগে না পরে রচিত? রামায়ণের রচনাকাল নির্ণয় করো।

৩) নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

২X১০ =২০

(ক) কালিদাসের নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার নাট্যপ্রতিভার মূল্যায়ন করো।

অথবা

ভাস কোন সময়ের নাট্যকার? ভাসের নাট্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(খ) ঐতিহাসিক রোমাঙ্গ কাকে বলে? ঐতিহাসিক রোমাঙ্গ রচনায় ওয়াল্টার স্কটের বিশিষ্টতার পরিচয় দাও।

অথবা

ইংরেজি সাহিত্যের ইতিহাসে কবি হিসাবে শেলীর স্থান নিরূপণ করো। শেলীকে বিদ্রোহী কবি বলা হয় কেন?